# ২৭ ডিসেম্বর পদত্যাগ করছেন অ্যাটর্নি জেনারেল আসাদুজ্জামান



সংগৃহীত ছবি

আগামী ২৭ ডিসেম্বর অ্যাটর্নি জেনারেলের পদ থেকে পদত্যাগ করবেন মো. আসাদুজ্জামান। বুধবার তিনি এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্তের পরই দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এর আগে গত ২১ ডিসেম্বর তিনি ঝিনাইদহ-১ (শৈলকূপা) আসন থেকে বিএনপির মনোনয়নে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দেন।

এদিকে মঙ্গলবার (২৩ ডিসেম্বর) শৈলকূপা উপজেলা বিএনপির নেতাকর্মীরা তার পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত বছরের জুলাইয়ে সংঘটিত গণ-অভ্যুত্থানের পর রাজনৈতিক পটপরিবর্তনের ধারাবাহিকতায় ৮ আগস্ট সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মো. আসাদুজ্জামান অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ পান। দায়িত্ব গ্রহণের আগে তিনি বিএনপির মানবাধিকার বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।

এর আগে ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনেও একই আসন থেকে বিএনপির ধানের শীষ প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন মো. আসাদুজ্জামান।

LENS ASIA